দৈনিক জনকণ্ঠ

তারিখ 02 APR 1997
পৃষ্ঠা ১ কলাম ৫

# শিক্ষা মন্ত্রণালয় টাস্কফোর্সের যাঁরা সদস্য হচ্ছেন

মোস্তাক মোবারকী

বিভিন্ন শিক্ষাবোর্ডের দুর্নীতি, অনিয়ম অব্যবস্থা তদন্তের লক্ষ্যে গঠিত টাস্কফোর্সের চেয়ারম্যান হচ্ছেন বিআইটি কাউন্সিলের ভাইস চেয়ারম্যান ডঃ নজরুল ইসলাম। শিক্ষা মন্ত্রণালয়ের উদ্যোগে এই টাস্কফোর্স গঠিত হচ্ছে। ১১ সদস্যবিশিষ্ট এই টাস্কফোর্সের সদস্য সচিব থাকছেন শিক্ষা মন্ত্রণালয়ের যুগ্ম সচিব ডঃ ওসমান আলী। প্রধানমন্ত্রীর চূড়ান্ত অনুমোদনের জন্য শিক্ষা মন্ত্রণালয় সোমবার এ সংক্রান্ত একটি সারসংক্ষেপ প্রধানমন্ত্রীর সচিবালয়ে পাঠিয়েছে। খবর সংশ্লিষ্ট সূত্রের।

প্রধানমন্ত্রী শেখ হাসিনা গত শনিবার শিক্ষা মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষে অনুষ্ঠিত মন্ত্রণালয়ের উর্ধতন কর্মকর্তা ও বোর্ডের চেয়ারম্যানদের এক বৈঠকে বিভিন্ন শিক্ষা বোর্ডের অনিয়ম, অব্যবস্থা ও দুর্নীতি রোধে এই টাস্কফোর্স গঠনের নির্দেশ দেন। রাজশাহী বিশ্ববিদ্যালয়ের ভাইস চ্যান্সেলর অধ্যাপক আবদুল খালেক, ঢাকা বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক ডঃ আরেফিন সিদ্দিক ও অধ্যাপক শহীদুল ইসলামকে এই টাস্কফোর্সের সদস্য নিয়োগ দেয়া হচ্ছে বলে জানা গেছে। অন্যান্য বিশ্ববিদ্যালয় এবং কলেজ ও মাধ্যমিক শিক্ষক সমিতির প্রতিনিধি হিসাবে আরও ৫ জন সদস্যকে কো অপ্ট করে নেয়া হবে। মাদ্রাসা শিক্ষকদের মধ্য থেকেও একজন প্রতিনিধি নেয়া হবে বলে জানা গেছে।

সূত্র জানায়, এই টাস্কফোর্স দেশের ৮টি শিক্ষাবোর্ডের অনিয়ম অব্যবস্থা ও দুর্নীতির তদন্ত করে এবং সামগ্রিক সমস্যা সমাধানে একটি সুপারিশমালা প্রণয়ন করে আগামী ৩ মাসের মধ্যে শিক্ষা মন্ত্রণালয়ে পেশ করবে। তাছাড়া শিক্ষা বোর্ডগুলোর আর্থিক আয়-ব্যয়ের হিসাব নিরীক্ষা করবে এবং নিরীক্ষা প্রতিবেদন সমূহের আপত্তি মীমাংসা করা হয়েছে কিনা তা তদন্ত করে মন্ত্রণালয়ে একটি পূর্ণাঙ্গ প্রতিবেদন দাখিল করবে। খুব শীঘ্রই এই টাস্কফোর্স কাজ শুরু করবে বলে মন্ত্রণালয়ের একটি দায়িত্বশীল সূত্রে জানা গেছে।